



বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট
স্বাধীনতা ভবন
৮৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
প্রশাসন বিভাগ
(www.bffwt.gov.bd)



স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.১৬.০০১.২২.২৬৫২


তারিখ: ১৫ কার্তিক ১৪২৯
৩১ অক্টোবর ২০২২

বিষয়: ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী গত ২৯/০৬/২০২২ খ্রি: তারিখে বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২২-২০২৩ স্বাক্ষরিত হয়েছে। উক্ত চুক্তি নামার ই-গভর্নেন্স ও বার্ষিক কর্মপরিকল্পনা-২০২২-২০২৩ অংশের অনুচ্ছেদ [১.৪.১]-এ ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের করণীয় সম্পর্কে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়নের সিদ্ধান্ত রয়েছে।

০২। এমতাবস্থায়, ই-গভর্নেন্স ও বার্ষিক কর্মপরিকল্পনা-২০২২-২০২৩ অংশের অনুচ্ছেদ [১.৪.১]-এ ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক প্রস্তুতকৃত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ০১ (এক) ফর্দ।


(তরফদার মোঃ আক্তার জামীল)
সচিব (উপসচিব)
ও
ফোকাল পয়েন্ট, ইনোভেশন
ফোন: ২২৩৩৫০৭৬৪
secy@bffwt.gov.bd

সহকারী প্রোগ্রামার (আইসিটি)
তথ্য ও প্রযুক্তি শাখা
প্রশাসন বিভাগ
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ০১। ডা. মু. আসাদুজ্জামান, উপসচিব (আইসিটি) ও ফোকাল পয়েন্ট, ইনোভেশন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ০২। পরিচালক (শিল্প ও বাণিজ্য/অর্থ/কল্যাণ), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- ০৩। প্রশাসন বিভাগ/নিরীক্ষা শাখা/প্রকৌশল শাখা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা
- ০৪। ব্যবস্থাপনা পরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৫। অফিস কপি/গার্ড ফাইল

৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর কর্মপরিকল্পনা

বর্তমান প্রযুক্তির অভূতপূর্ব উৎকর্ষতায় এই ধরিত্রীর গতি-প্রকৃতি ও মানুষের জীবনযাত্রায় ব্যাপক পরিবর্তন এসেছে। ধর্ম-বর্ণ, গোত্র-অঞ্চল নির্বিশেষে সমগ্র বিশ্বের মানুষকে করেছে একে অপরের নিকটতর প্রতিবেশী। এর ফলে পৃথিবী পরিণত হয়েছে বৈশ্বিক গ্রাম বা গ্লোবাল ভিলেজে। এরই ধারাবাহিকতায় সংযুক্ত হয়েছে 'চতুর্থ শিল্পবিপ্লব'। চতুর্থ শিল্পবিপ্লব হচ্ছে আধুনিক স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে চলমান উৎপাদন, শিল্প ব্যবস্থা এবং বিভিন্ন সেবার স্বয়ংক্রিয়করণের সমসাময়িক সংস্করণ।

চতুর্থ শিল্প বিপ্লবের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো সেলফ অপটিমাইজেশন, সেলফ কনফিগারেশন, কগনিশনের প্রবর্তন এবং ক্রমবর্ধমান জটিল কাজে কর্মরত কর্মীদের বুদ্ধিদীপ্ত সহায়তায় প্রয়োজনীয় স্বয়ংক্রিয়করণ প্রযুক্তির নবতর বিকাশ। প্রযুক্তির এ বিকাশে উৎপাদনের জন্য মানুষকে যন্ত্র চালানোর পরিবর্তে যন্ত্র স্বয়ংক্রিয়ভাবে আরও নিখুঁত ও নির্ভুল কর্ম সম্পাদন করার ভিত্তি রচনা করবে। পাশাপাশি চিকিৎসা, যোগাযোগ, প্রকাশনা ইত্যাদি খাতে এর দৃশ্যমান প্রভাব অধিকতর জোরালো হবে।

বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট জাতির শ্রেষ্ঠ সন্তান যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা পরিবার, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, মৃত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা পরিবার ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারবর্গের সার্বিক কল্যাণ নিশ্চিত করা এবং বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা তৃণমূল পর্যায়ে পৌঁছে দেওয়ার কার্যক্রমে সম্পৃক্ত।

চতুর্থ শিল্পবিপ্লব মোকাবিলায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবা প্রদানের প্রক্রিয়া আধুনিকায়নে তথ্যপ্রযুক্তি বিষয়ে কর্মরত জনবলকে প্রশিক্ষণের মাধ্যমে আরও দক্ষ জনশক্তিতে পরিণত করার জন্য নিয়োক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করা যেতে পারে:

ক্রমিক নং	গৃহীতব্য কার্যক্রমের বিষয়/ক্ষেত্র	গৃহীতব্য কাজের নাম	একক	লক্ষ্যমাত্রা	কার্যসম্পাদনের সময়কাল	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/শাখা/টিম
(১)	কর্মকর্তাবৃন্দের মধ্যে সম্যক ধারণা ও সচেতনতা তৈরি।	অবহিতকরণ সভার আয়োজন ও 4IR ফোকাল পার্সন নির্বাচন	সংখ্যা	১ টি	নভেম্বর, ২০২২	আইসিটি/ প্রশাসন বিভাগ
(২)	4IR কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য টিম গঠন।	4IR সেল/টিম গঠন	সংখ্যা	১ টি	নভেম্বর, ২০২২	আইসিটি/ প্রশাসন বিভাগ
(৩)	কর্মশালা	4IR সম্পর্কিত কর্মশালা	সংখ্যা	২ টি	ফেব্রুয়ারি- এপ্রিল, ২০২৩	প্রশাসন বিভাগ
(৪)	প্রশিক্ষণ প্রদান	কম্পিউটার প্রশিক্ষণ	সংখ্যা	৫ ব্যাচ	জানুয়ারি - জুন ২০২৩	প্রশাসন বিভাগ
(৫)	সক্ষমতা বৃদ্ধি	সকল সেবা কম্পিউটারাইজ করণের জন্য পর্যাপ্ত কম্পিউটার ক্রয়ের ব্যবস্থাকরণ	সংখ্যা	প্রয়োজনানুযায়ী	জুন-২০২৩	আইসিটি/ প্রশাসন বিভাগ
(৬)	4IR Idea Hunt ও প্রণোদনা	কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে 4IR বিষয়ক Idea Hunt ও Idea বাস্তবায়ন, পেটেন্টকরণ সংক্রান্ত ফান্ডিং এবং ব্যবস্থাপনা পরিচালক এওয়ার্ড ও সনদ প্রদান	সংখ্যা	২টি	প্রতি অর্ধবছর সমাপ্তে কাজের পারফরমেন্সের উপর ভিত্তি করে	ব্যবস্থাপনা পরিচালক

মোঃ রাবিউল আলম
অফিস সহকারী (প্রশাসন) কক্ষ-১
প্রশাসন বিভাগ
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

মোঃ ফয়েজ আহমেদ
ব্যবস্থাপক, প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব)